



শেহবাজ শরিফের সঙ্গে ইরানি পররাষ্ট্রমন্ত্রীর বৈঠক



ছবি: সংগৃহীত

পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফের সঙ্গে বৈঠক করেছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি—এ তথ্য জানিয়েছে ডন। এর আগে তিনি সেনাপ্রধান ফিল্ড মার্শাল আসিম মুনিরের সঙ্গেও পৃথক বৈঠক করেন।

প্রধানমন্ত্রীর সঙ্গে অনুষ্ঠিত বৈঠকে দুই দেশের সম্পর্ক এবং সাম্প্রতিক আঞ্চলিক পরিস্থিতি নিয়ে বিস্তারিত মতবিনিময় হয়। বৈঠক শুরুর আগে প্রধানমন্ত্রীর দপ্তর থেকে জানানো হয়, আলোচনার মূল বিষয় হবে দ্বিপাক্ষিক সহযোগিতা ও অঞ্চলের চলমান প্রেক্ষাপট।

প্রধানমন্ত্রীর কার্যালয়ে আয়োজিত এই বৈঠকে আরও উপস্থিত ছিলেন পাকিস্তানের উপপ্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার, সেনাপ্রধান আসিম মুনির এবং ইসলামাবাদে নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত রেজা আমিরি মোগাদ্দাম।

অন্যদিকে, ইরানের জাতীয় নিরাপত্তা কমিটির প্রধান স্পষ্ট করেছেন, আব্বাস আরাঘচির এই পাকিস্তান সফরের সঙ্গে দেশটির পারমাণবিক আলোচনার কোনো প্রত্যক্ষ সম্পর্ক নেই।